

3

### কৃষি শিক্ষার শিক্ষক পাওয়া যাইতেছে না

ব্রাহ্মণবাড়িয়া সংবাদদাতা ॥  
কৃষি শিক্ষাকে বাস্তবায়ন করার  
এক বছর পরও প্রয়োজনীয় শিক্ষক  
না থাকায় ছাত্র-ছাত্রীদের কৃষি  
শিক্ষা বিষয়ে লেখা-পড়া ব্যাহত  
হইতেছে। বিজ্ঞাপন দিয়াও শিক্ষক  
পাওয়া যাইতেছে না বলিয়া জানা  
গিয়াছে।

সরকার ১৯৯৭ সালে মাধ্য-  
(৫ম পৃ: স্র:)

### কৃষি শিক্ষার

(৩য় পৃ: পর)

মিক, নিম্নমাধ্যমিক ও মাদ্রাসা  
পর্যায় কৃষি শিক্ষা বিষয়  
চালু করিয়াছে। ব্রাহ্মণবাড়িয়া  
জেলায় ১৯০টি মাধ্যমিক নিম্ন-  
মাধ্যমিক ও মাদ্রাসা, রহিয়াছে।  
এই সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে কৃষি  
শিক্ষা চালু রহিয়াছে, কিন্তু শিক্ষক  
নাই। ডিপ্লোমা ইন এগ্রিকালচার  
৩ বছরের অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষক  
নিয়োগ বিজ্ঞপ্তি আহ্বান করা হই-  
লেও মাত্র ২ জন শিক্ষক পাওয়া  
যায় এবং তাহাদেরকে নিয়োগ  
প্রদান করা হইয়াছে। এদিকে  
ডিপ্লোমা ইন এগ্রিকালচার-এর  
শিক্ষক না পাওয়ায় গত বছরের  
মাঝামাঝিতে জেলার অধিকাংশ  
বিদ্যালয় ও মাদ্রাসার একজন  
করিয়া শিক্ষককে কৃষি, পশু,  
মৎস্য, শিক্ষা ও বন বিভাগের  
সমন্বয়ে ১০ দিনব্যাপী প্রশিক্ষণ  
দেওয়া হয়। এই প্রশিক্ষণপ্রাপ্তদের  
দিয়া কোনরকমে ক্লাস করা হই-  
তেছে। ইহাতে ছাত্র-ছাত্রীরা  
আশানুরূপ শিক্ষালাভ করিতে  
পারিতেছে না।

বিজ্ঞপ্তি দিয়াও 'ডিপ্লোমা ইন  
এগ্রিকালচার' এর শিক্ষক পাওয়া  
যাইতেছে না বলিয়া জেলা শিক্ষা  
অফিসার জানান।